দৈনিক ইত্তেফাক

04 JAN 1991
পৃষ্ঠা ... ১০/১২ ... কলাম ... ৭

2

# নির্ধারিত তারিখে পরীক্ষা চাই

সাম্প্রতিক ছাত্র সংঘর্ষের প্রেক্ষাপটে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় আবার অনির্দিষ্টকালের জন্য বন্ধ করিয়া দেওয়া হইয়াছে। '৮৮ সালের মাষ্টার্স ডিগ্রী পরীক্ষার ক্ষেত্রে আবারও অনিশ্চয়তা দেখা দিল। পঞ্চমবারের মত এই পরীক্ষা ১৪ই জানুয়ারী হইতে শুরু হওয়ার কথা ছিল। দেশে গণতন্ত্রের ঢেউ লাগায় আশা করিয়াছিলাম যে, এবারে পরীক্ষা অন্ততঃ ঠিক সময়ে অনুষ্ঠিত হইবে। কিন্তু এখন তাহাতে সংশয় দেখা দিয়াছে। ২৭শে ফেব্রুয়ারী নির্বাচন। ১৮ই মার্চ হইতে রমজান। তাই নির্ধারিত তারিখে পরীক্ষা শুরু করার জন্য কর্তৃপক্ষকে অনুরোধ জানাইতেছি।

—ইসফাক কুরেশী, সিদ্দিকুর রহমান ও শামসুউদ্দিন, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

॥ ২ ॥

কোন অজুহাতেই ডিগ্রী পরীক্ষা যেন আর পিছানো না হয়। কর্তৃপক্ষের নিকট ইহা আমাদের বিনীত অনুরোধ। শোনা যাইতেছে নির্বাচনের অজুহাতে পরীক্ষা পিছানো হইবে। পরীক্ষার মাঝখানে সপ্তাহখানেক বন্ধ থাকিলেই সকলে যথারীতি ভোট দিতে সমর্থ হইবে। তাহার জন্য পরীক্ষা পিছানোর প্রয়োজন নাই।

—রিয়াজ, শোয়েব, বেলায়েত; বাসাবো, ঢাকা।

॥ ৩ ॥

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী পরীক্ষার তারিখ কয়েকবার পরিবর্তন করিয়া এখন ৫ই ফেব্রুয়ারী শুরু হইবে বলিয়া ঘোষণা দেওয়া হইয়াছে। কিন্তু দেখা যায় যে, কোন কোন পরীক্ষার মাঝখানে ১৭ দিন পর্যন্ত বিরতি আছে, আবার কোন কোন পরীক্ষার মাঝখানে একেবারেই বিরতি নাই। সবচাইতে আশ্চর্যের ব্যাপার হইতেছে নির্বাচনের তারিখেও পরীক্ষা আছে। এইদিনে ইসলামিক ষ্টাডিজ সহ অন্যান্য গ্রুপের পরীক্ষা আছে। এইসব অসামঞ্জস্য দূর করিয়া পরীক্ষার নূতন রুটিন দেওয়ার জন্য অনুরোধ জানাইতেছি।

—সাইফুল হুদা (জাহেদী), ১৪৫/১, শাহ আলীবাগ, মিরপুর-১, ঢাকা।